তারিখ ... 13 JUL 2016 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ২ ...

সমকাল

# ঈশ্বরগঞ্জে উপবৃত্তির টাকা কম দেওয়ার অভিযোগে বিক্ষোভ

■ ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জের ভাইদগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে উপবৃত্তির টাকা বিতরণে অনিয়মের অভিযোগ উঠেছে। উপবৃত্তির টাকা কম দেওয়ায় গতকাল মঙ্গলবার দুপুর ৩টার দিকে শিক্ষার্থী ও এলাকাবাসী উপজেলা পরিষদে এসে বিক্ষোভ করেন। ওই সময় বিক্ষোভকারীরা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অপসারণ দাবি করেন।

গতকাল মঙ্গলবার শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ শুরু হয়। বিদ্যালয়ের ৪৬৭ শিক্ষার্থীকে ২০১৫ সালের শেষ ৬ মাস ও ২০১৬ সালের প্রথম ৬ মাস মোট ১২ মাসের টাকা দেওয়ার কথা ছিল। কিন্তু শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা কম দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন কয়েক অভিভাবক। বিষয়টি নিয়ে অভিভাবকরা শিক্ষকদের সঙ্গে বাকবিতণ্ডায় লিপ্ত হন। পরে অভিভাবক, শিক্ষার্থী ও স্থানীয় লোকজন উপজেলা পরিষদে এসে বিক্ষোভ করেন। এমন পরিস্থিতিতে উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মো. নুরুল আমীন পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন। অভিযোগ তদন্ত করে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন তিনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেলোয়ারা বেগম বলেন, উপবৃত্তির টাকা কম দেওয়া হয়নি। সরকারি নীতিমালা অনুসরণ করেই টাকা বিতরণ করা হয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আলী সিদ্দিক বলেন, অভিযোগ তদন্তে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।